

মৌসুমী বন্যা এবং বৃষ্টিপাতের জরুরী তথ্য (২৩ অক্টোবর, ২০২৪ খ্রি: সকাল ১১.৩০ টা)

দেশের সকল প্রধান নদ-নদী সমূহের পানি সমতল বিপদ্সীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

বিগত ২৪ ঘণ্টায় দেশের উজানে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.): নেই।

বিগত ২৪ ঘণ্টায় দেশের অভ্যন্তরে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.): নেই।

বরিশাল, খুলনা ও চট্টগ্রাম বিভাগের উপকূলীয় নদীসমূহ:

• বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের তথ্যানুযায়ী, পূর্বমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি আরও পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে একই এলাকায় ঘূর্ণিঝড় “দানা” এ পরিণত হচ্ছে। এটি আরও পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হতে পারে। ঘূর্ণিঝড়ের প্রভাবে আগামী ৩ দিন বরিশাল, খুলনা ও চট্টগ্রাম বিভাগের উপকূলীয় নদীসমূহে স্বাভাবিক অপেক্ষা অধিক উচ্চতার জোয়ার পরিলক্ষিত হতে পারে। ঘূর্ণিঝড়ের প্রভাবে আগামী ২৪-২৬ অক্টোবর, ২০২৪ খ্রি. মেয়াদে খুলনা বিভাগের কোথাও কোথাও অতিভারী বর্ষণ ( $> 88$  মি.মি./ ২৪ ঘন্টা) এবং বরিশাল বিভাগের কোথাও কোথাও ভারী বর্ষণ ( $88-128$  মি.মি./ ২৪ ঘন্টা) পরিলক্ষিত হতে পারে।

রংপুর বিভাগ:

• রংপুর বিভাগের ব্রহ্মপুত্র নদ ও তার ভাটিতে যমুনা নদীর পানি সমতল হাস পাছে এবং বিপদ্সীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ৫ দিন নদ-নদী সমূহের পানি সমতল হাস পেতে পারে।

• রংপুর বিভাগের ধরলা, দুখকুমার ও তিস্তা নদীসমূহের পানি সমতল হাস পাছে এবং বিপদ্সীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ০১ দিন তিস্তা, ধরলা ও দুখকুমার নদীসমূহের পানিসমতল হাস পেতে পারে এবং পরবর্তী ২ দিন পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।

রাজশাহী বিভাগ:

• রাজশাহী বিভাগের গঙ্গা নদী এবং তার ভাটিতে পদ্মা নদীর পানি সমতল হাস পাছে এবং বিপদ্সীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ০৫ দিন নদীসমূহের পানি সমতল ধীর গতিতে হাস পেতে পারে।

### সিলেট বিভাগ:

• সিলেট বিভাগের সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল হাস পাছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন পর্যন্ত সিলেট বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী (৪৪ হতে ৮৮ মি.মি/২৪ ঘণ্টা) বৃষ্টিপাতের প্রবণতা কম। এর প্রেক্ষিতে আগামী ০৩ দিন সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল হাস পেতে পারে।

• সিলেট বিভাগের অন্যান্য প্রধান নদীসমূহ—সারিগোয়াইন, খোয়াই ও যাদুকাটা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে, অপরদিকে মনু ও ধলাই নদীসমূহের পানি সমতল হাস পাছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ৩ দিন মনু, ধলাই, খোয়াই, সারিগোয়াইন ও যাদুকাটা নদীসমূহের পানি সমতল হাস পেতে পারে।

### ময়মনসিংহ বিভাগ:

• ময়মনসিংহ বিভাগের ভুগাই নদীর পানি সমতল স্থিতিশীল আছে, অপরদিকে সোমেশ্বরী, কংস, জিঞ্জিরাম ও পুরাতন ব্রহ্মপুত্র নদীসমূহের পানি সমতল হাস পাছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন ময়মনসিংহ বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী (৪৪ হতে ৮৮ মি.মি/২৪ ঘণ্টা) বৃষ্টিপাতের প্রবণতা কম। এর প্রেক্ষিতে, আগামী ০৩ দিন সোমেশ্বরী, ভুগাই-কংস, জিঞ্জিরাম ও পুরাতন ব্রহ্মপুত্র নদীসমূহের পানি সমতল হাস পেতে পারে।

### চট্টগ্রাম বিভাগ:

• চট্টগ্রাম বিভাগের গোমতী নদীর পানি সমতল হাস পাছে, ফেনী, হালদা, সাঞ্জু, মাতামুহূরী ও মুহূরী নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন পর্যন্ত চট্টগ্রাম বিভাগ ও তৎসংলগ্ন উজানে অতি ভারী বৃষ্টিপাতের (>৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা কম। এর প্রেক্ষিতে, আগামী ০১ দিন চট্টগ্রাম বিভাগের গোমতী, মুহূরী, মাতামুহূরী, ফেনী, হালদা ও সাঞ্জু ইত্যাদি নদীসমূহের পানি সমতল হাস পেতে পারে এবং পরবর্তি ০২ দিন স্থিতিশীল থাকতে পারে।

**বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র  
বাপাটবো, ঢাকা।**